ইত্তেফাক

তারিখ 10.4.79

পৃষ্ঠা 2 কলাম 6

C35

## নোয়াগ্রামের প্রাথমিক বিদ্যালয়টি

কুমিল্লা জেলার নবীনগর থানাধীন নোয়াগ্রাম প্রাথমিক বিদ্যালয়টি চার যুগেরও বেশীকাল ধরিয়া শিক্ষা বিস্তারের সঠিক ভূমিকা পালন করিয়া আসিতেছে। ৪/৫ বৎসর পূর্বে স্কুল গৃহটি ঝড়ে বিধ্বস্ত হইলে স্থানীয় লোকেরা বিদ্যালয়টি মেরামতের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বহু চেষ্টার পর কিছু আর্থিক অনুদান মঞ্জুর করা হয়। কিন্তু কতিপয় ব্যক্তির গোপন হস্তের কারসাজিতে উক্ত অনুদান অত্র স্কুলের কাজে না আসিয়া ভিন্ন খাতে চলিয়া যায়। অবশেষে দীর্ঘকাল ভগ্ন অবস্থায় থাকিবার পর ৩/৪ মাস পূর্বে জনসাধারণের সহায়তায় উক্ত গৃহটি কোনমতে খাড়া করিয়া কাজ চালাইয়া যাওয়া হইতেছে। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, বিদ্যালয়টি নোয়াগ্রাম এবং বানিয়াচং গ্রামের মধ্যবর্তী এমন স্থানে অবস্থিত যে, অতি সহজে উভয় গ্রামের ছেলে মেয়েরা তথায় গমনাগমন করিতে পারে। কিন্তু দুঃখের বিষয় কতিপয় স্বার্থান্বেষী ব্যক্তি স্কুল গৃহটি বর্তমান অবস্থান হইতে নোয়াগ্রামের পশ্চিম প্রান্তে এমন এক স্থানে স্থানান্তরিত করিবার ষড়যন্ত্রে লিপ্ত হইয়াছেন যে, বানিয়াচং গ্রামের সমস্ত ছেলে মেয়ের পক্ষে ঐ দূরত্ব অতিক্রম করিয়া তথায় গমন খুব কঠিন হইবে। এ ব্যাপারে জনসাধারণ দারুণ উৎকণ্ঠাবোধ করিতেছেন। এমতাবস্থায় সরকার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন বিদ্যালয়টি যাহাতে বর্তমান অবস্থানে থাকিয়া যায় এবং যাহাতে উহা উপযুক্তভাবে মেরামত করা যাইতে পারে তাহার প্রয়োজনীয় ব্যবস্থা যেন গ্রহণ করা হয়।

—কামাল উদ্দিন, আঃ ছালাম, মোঃ হোসেন মিয়া, আলী আজগর, কুমিল্লা।